

যুগান্তর

ইউজিসি চেয়ারম্যানকে ডি. লিট দিচ্ছে ভারতের বিশ্ববিদ্যালয়

প্রকাশ : ২৫ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান মেঘালয় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউএসটিএম) আয়োজিত তৃতীয় ড. এপিজে আবদুল কালাম স্মারক বক্তৃতা প্রদান করবেন আজ। তিনি বুধবার ভোরে ভারতের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। তিনি প্রথম বাংলাদেশি হিসেবে ভারতের ১১তম রাষ্ট্রপতি এপিজে আবদুল কালামের স্মরণে ভাষণ দেবেন। আবদুল কালামের জীবন ও দর্শন সারা বিশ্বে ছড়িয়ে দিতে ইউএসটিএম কর্তৃপক্ষ দুই বছর ধরে এ স্মারক বক্তৃতার আয়োজন করে আসছে। অনুষ্ঠানে প্রায় ৫০০০ জন ভারতীয় শিক্ষক, শিক্ষার্থী, গবেষক অংশ নেবেন। অনুষ্ঠানে ইউএসটিএম কর্তৃপক্ষ বাংলাদেশে উচ্চ শিক্ষা মানোন্নয়ন ও সম্প্রসারণের জন্য ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানকে সম্মানসূচক ডি. লিট ডিগ্রি প্রদান করবে। আগামী ২৮ অক্টোবর তিনি দেশে ফিরবেন। সংবাদ বিজ্ঞপ্তি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।